

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৬টি প্রতিষ্ঠানকে ৮৮.০০ হাজার টাকা জরিমানা

২৪ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াদীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, যশোর এবং খুলনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে অভিযোগের ভিত্তিতে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Seven Heaven কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও একই প্রতিষ্ঠানকে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ১০,০০০/- (দশ হাজার) টাকা, অভিযোগের ভিত্তিতে ধানমন্ডি এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে SAMPAN কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও একই প্রতিষ্ঠানকে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ধানমন্ডি এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফখরুদ্দিন রেস্টুরেন্টকে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং একই অপরাধে তেজগাঁও এলাকায় Hot Horns, Sandwich Bar কে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

অন্যদিকে ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বিক্রয় না করার অপরাধে ব্র্যাক ডেইরী এন্ড ফুড এন্টারপ্রাইজকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

এছাড়া সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানায় ৭টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ করা হয়।

আজকের ৪টি বাজার তদারকিতে ১৬টি প্রতিষ্ঠানকে মোট ৮৮,০০০/- (আটটি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৫ জন অভিযোগকারীকে মং ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, যশোর ও খুলনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, যশোর ও খুলনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।